

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরে বাংলানগর

ঢাকা-১২০৭।

[www.lged.gov.bd](http://www.lged.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.১৮.০৬৬.১৮- (৫০১৩২)

তারিখঃ ২৫-০৯-২০২০খ্রীঃ।

প্রতি,

- ১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
----- বিভাগ।
- ২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
----- অঞ্চল।

বিষয়ঃ বিভাগ/অঞ্চলে কর্মরত নির্বাহী প্রকৌশলীসহ অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদেরকে কাজে যথাযথভাবে সম্পৃক্তকরণ প্রসঙ্গে।

সূত্রঃ অন লাইন অভিযোগ ট্র্যাকিং নম্বর ১০০০০৪২১১ তারিখঃ ২৩/০৯/২০২০ইং

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তরে কর্মরত নির্বাহী প্রকৌশলীগণকে যথোপযুক্তভাবে উন্নয়ন মূলক কাজ বাস্তবায়নের সাথে সম্পৃক্ত করা হচ্ছে না; অধিকন্তু অধিনস্থ জেলা উপজেলা সমূহের অফিস থেকে লোকবল এনে কাজ করানো হচ্ছে মর্মে অন লাইনে বিভিন্ন অভিযোগ পাওয়া যাচ্ছে। মাঠ পর্যায়ে চলমান কাজসমূহ সঠিকভাবে মনিটরিং করা না হলে কাজের গুণগতমান নিশ্চিত করা সম্ভব হবে না এবং প্রশাসনিক জটিলতা সৃষ্টিসহ এলজিইডি'র ভাবমূর্তি ক্ষুণ্ণ হওয়ার সম্ভাবনা রয়েছে।

এমতাবস্থায় বিভাগ/অঞ্চলে পদায়নকৃত নির্বাহী প্রকৌশলীসহ অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদেরকে উন্নয়ন কাজ বাস্তবায়নের সাথে সম্পৃক্ত করাসহ অধিনস্থ অফিসের কর্মকর্তা/কর্মচারীদের যথাযথ দায়িত্ব বন্টনপূর্বক উন্নয়ন ও দাপ্তরিক কাজ সম্পন্ন করার জন্য পুনরায় নির্দেশ দেয়া হলো।

(মোঃ আব্দুর রশীদ খান)

প্রধান প্রকৌশলী

ফোন-৯১২৪০২৭

ই-মেইলঃ [ce@lged.gov.bd](mailto:ce@lged.gov.bd)

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক----- প্রকল্প, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, -----জেলা।
- ৫। সিস্টেম এনালিস্ট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। তাকে বিষয়টি LGED Website এ Upload করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, -----উপজেলা, জেলাঃ-----।